

## ■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫১

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৯. মোজার উপর মাসাহ করা

بَابِ الْمَسْحِ عَلَى الْخُفَيْنِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، حَدَّثَنِي أَبِي، عَنِ الشَّعَبِيِّ، قَالَ سَمِعْتُ عُرْوَةَ بْنَ الْمُغِيرَةَ بْنِ شُعْبَةَ، يَذْكُرُ عَنْ أَبِيهِ، قَالَ كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي رَكْبِهِ وَمَعِي إِدَاؤَةٌ فَخَرَجَ لِحَاجَتِهِ ثُمَّ أَقْبَلَ فَتَلَاقَتْهُ بِالْإِدَاؤَةِ فَأَفْرَغْتُ عَلَيْهِ فَغَسَلَ كَفَيْهِ وَوَجْهَهُ ثُمَّ أَرَادَ أَنْ يُخْرِجَ ذِرَاعَيْهِ وَعَلَيْهِ جُبَّةً مِنْ صُوفٍ مِنْ جَبَابِ الرُّومِ ضَيْقَةُ الْكُمَيْنِ فَضَاقَتْ فَأَدْرَأَ عَهْمَأَ ثُمَّ أَهْوَيْتُ إِلَى الْخُفَيْنِ لَأَنْزِلَعُهُمَا فَقَالَ لِي "دَعِ الْخُفَيْنَ فَإِنِّي أَدْخَلْتُ الْقَدَمَيْنِ الْخُفَيْنَ وَهُمَا طَاهِرَتَانِ". فَمَسَحَ عَلَيْهِمَا . قَالَ أَبِي قَالَ الشَّعَبِيُّ شَهِدَ لِي عُرْوَةُ عَلَى أَبِيهِ وَشَهِدَ أَبُوهُ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .

- صحيح : ق

বাংলা

১৫১। 'উরওয়াহ ইবনুল মুগীরাহ ইবনু শু'বাহ থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সফররত ছিলাম। সে সময় আমার সাথে একটি (পানির) মশক ছিল। তিনি তার প্রয়োজনে (মলমুত্র ত্যাগের জন্য) বের হলেন। অতঃপর ফিরে এলেন। আমি পানির মশক নিয়ে এগিয়ে গেলাম এবং তাঁকে পানি ঢেলে দিলাম। তিনি উভয় হাত কজি পর্যন্ত এবং মুখমণ্ডল ধুলেন। তারপর তিনি হাত দুটি বের করার ইচ্ছা করলেন। তখন তাঁর গায়ে রোম দেশীয় সরং আস্তিন বিশিষ্ট পশমী জুববা ছিল। তাঁ আস্তিন বেশি সঙ্কীর্ণ হওয়ায় জুববা থেকে হাত বের করা সম্ভব হলো না। ফলে তিনি তা খুলে নিচে রাখলেন। অতঃপর আমি তাঁর পা থেকে মোজাদ্বয় খোলার জন্য নিচে ঝুঁকলাম। তিনি বললেন, থাক, মোজা খুলো না। আমি পবিত্র অবস্থায়ই দু'পায়ে মোজাদ্বয় পরেছি। তারপর তিনি মোজার উপর মাসাহ করলেন।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## English

'Urwah b. al-Mughirah reported his father as saying :

We accompanied the Messenger of Allah (ﷺ) to a caravan, and I had a jug of water. He went to relieve himself and came back. I came to him with the jug of water and poured upon him. He washed his hands and face. He had a tight-sleeved Syrian woolen gown. He tried to get his forearms out, but the sleeve of the gown was very narrow, so he brought his hands out from under the gown. I then bent down to take off his socks. But he said to me : Leave them, for my feet were clean when I put them in, and he only wiped over them.

Yunus said on the authority of al-Sha'bi that 'Urwah narrated his tradition from his father before him, and his father reported it from the Messenger of Allah (ﷺ).

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ উয়, অনুঃ পবিত্র অবস্থায় উভয় পা মোজায় প্রবেশ করানো, হাঃ ২০৬), মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মোজার উপর মাসাহ করা), উভয়ে 'আমির সূত্রে ।

হাদিস থেকে শিক্ষাঃ মোজা পরিধানের পূর্বেই পবিত্রতা অর্জন করা জরুরী । যাতে মোজার উপর মাসাহ করা সহীহ হয় ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ উরওয়াহ ইবনুল মুগীরাহ (রহঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57469>

১. হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন